দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 8 1999 ..
পৃষ্ঠা ৪ কলাম ৭ ..

২২৭

## ছয় মাসের বেতনের সরকারী অংশ এখনো পাই নাই

আমরা দুইজন ১-১-৯০ তারিখে গাজীপুর জেলার কালীগঞ্জ থানাধীন বেলনা গ্রামের স্বপন রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে যথাক্রমে সহকারী প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষিকা হিসাবে যোগদান করি, যথা নিয়মে থানা প্রাথমিক শিক্ষা অফিসে আমাদের কাগজপত্রাদি জমা দেই, '৯১ সালের জানুয়ারী মাস হইতে অত্র বিদ্যালয়ের অন্য দুইজনের নামে মাসিক পাঁচশত টাকা হিসাবে সরকারী অনুদানের টাকা আসিতে শুরু করে। অজ্ঞাতকারণে আমরা দুইজন এই অনুদান হইতে বঞ্চিত হই। আমাদের দাখিলকৃত তথ্যফরম লাপাত্তা হইয়া যায়। '৯১ সালের ৩রা আগষ্ট পুনরায় থানা শিক্ষা অফিসে তথ্যফরম দাখিল করিলে ঐ বৎসরের জুলাই মাস হইতে আমাদের বেতনের সরকারী অংশ প্রদান করা হয়। অর্থাৎ আমরা জানুয়ারী হইতে জুন এই ছয় মাসের টাকা হইতে বঞ্চিত হই। ইহার পর বিদ্যালয়ের সভাপতির সহায়তায় শিক্ষা ভবনে বিভাগীয় মহাপরিচালকের কাছে লিখিত আবেদন করি। কিন্তু আজ পর্যন্ত আমাদের সমস্যার কোন সুরাহা হয় নাই। স্থানীয় অগ্রণী ব্যাংক, নাগরী শাখায় আমাদের সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে ৪০৭১ ও ৪০৭২। এমতাবস্থায় আমরা যাহাতে ঐ ছয় মাসের টাকা অনতিবিলম্বে পাইতে পারি, সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

মোঃ আবুল কাশেম,
সহকারী প্রধান শিক্ষক,
শাহনাজ বেগম,
সহকারী শিক্ষিকা,
স্বপন রেজিঃ প্রাথমিক বিদ্যালয়,
বেলনা, কালীগঞ্জ, গাজীপুর।